দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... ... ...
পৃষ্ঠা ... ... ...

# তেজগাঁও কৃষি কলেজে ছাত্রদলের দু' গ্রুপে প্রচণ্ড বন্দুকযুদ্ধ ॥ অস্ত্র ও বোমাসহ গ্রেফতার ৭

ইত্তেফাক রিপোর্ট ॥ গত সোমবার রাতে শেরেবাংলা নগর কৃষি বিশ্ববিদ্যালয় কলেজ ক্যাম্পাসে ছাত্রদলের দু' গ্রুপের মধ্যে ঘন্টাব্যাপী বন্দুক যুদ্ধ চলে। এ ঘটনায় ১০ জন আহত হয়েছে। ঐ রাতেই পুলিশ এলাকা তল্লাশী চালিয়ে ৭ জনকে গ্রেফতার এবং ১৬টি তাজা বোমা ও ৪ রাউন্ড গুলীসহ ২টি রিভলবার উদ্ধার করেছে।

পুলিশ ও ছাত্ররা জানায়, কৃষি বিশ্ববিদ্যালয় কলেজের শেরেবাংলা ছাত্রাবাসের কর্তৃত্ব নিয়ে ছাত্রদলের দু' গ্রুপের মধ্যে বেশ কিছুদিন ধরে বিরোধ চ আসছিল। ঘটনার রাতে এক গ্রুপে কয়েকজন সদস্য ছাত্রাবাসের একটি ব ভাংচুর করলে উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ ‍ হয়। এ সময় ধাওয়া-পাল্টা ধাওয়া এবং বৃ মত বোমাবাজি ও গুলীবর্ষণ চলে। সাধা ছাত্র ও আশেপাশের লোকজন আত্মরক্ষ জন্য ছোটাছুটি শুরু করে। রাত ১০টা থে একটানা ১১টা পর্যন্ত এ সংঘর্ষ চলে। সং পেয়ে অতিরিক্ত উপ-পুলিশ কমিশ

তেজগাঁও কৃষি কলে
(শেষ পৃষ্ঠার পর)

(পশ্চিম) মাসুদ মিয়া ও তেজগাঁও সহকারী পুলিশ কমিশনার আহসান পলাশের নেতৃত্বে দু' প্লাটুন পুলিশ ঘ উপস্থিত হয়। অবিরাম বোমাবাজির পুলিশ ছাত্রাবাস এলাকায় প্রবেশে প্র ব্যর্থ হয়। পরে পুলিশ শক্তি বৃ ছাত্রাবাসে প্রবেশ করে পরিস্থিতি আনে। এ সময় কয়েক রাউন্ড কাঁদা ব্যবহার করা হয়। পরে গতকাল ভোর পর্যন্ত শেরেবাংলা ছাত্রাবাস আশেপাশের এলাকায় তল্লাশী চালি ৭ জন ছাত্রদল কর্মীকে গ্রেফতার এ তাজা বোমা ও ৪ রাউন্ড গুলী রিভলবার উদ্ধার করে। গ্রেফতারকৃ বদিউজ্জামান বদু, মেহেদী হাসান শাহীনুজ্জামান শাহীন, কামরুল, রুহু রুহুল আমিন ও ধানু। তাদের তেজগাঁও থানায় অস্ত্র ও বিস্ফো আইনে দু'টি মামলা হয়েছে।